রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ১৬, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৩০ চৈত্র ১৪২০/১৩ এপ্রিল ২০১৪

নম্বর-**০৪.২২১.০১৪.০০.০৫.০১৯.২০১০-৫৬৬**—জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটির প্রথম সভার (৩ সেপ্টেম্বর ২০১৩) সিদ্ধান্ত অনুসারে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে নিম্নরূপ একটি উপকমিটি গঠন করিয়াছে :

২। **উপকমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সভাপতি |
| ২. | সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| ৩. | সচিব, খাদ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. | সচিব, কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৫. | মহাপরিচালক, বিএসটিআই | - | সদস্য |
| ৬. | মহাপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | - | সদস্য |
| ৭. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | - | সদস্য |
| ৮. | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - | সদস্য |
| ৯. | যুগ্ম সচিব (জেলা ম্যাজিস্ট্রেসি), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| ১০. | সভাপতি, এফবিসিসিআই | - | সদস্য |
| ১১. | অতিরিক্ত সচিব (প্রসওবা), মন্ত্রিপরিষদ বিভাগ | | সদস্য-সচিব |


**মূল্য ঃ** টাকা ৪.০০

**৩। কমিটির কার্যপরিধিঃ**

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং সেগুলি সমাধানের উপায় নির্ধারণ;

(খ) খাদ্যে ভেজাল প্রতিরোধ সংক্রান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;

(গ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে খাদ্যে ভেজাল প্রতিরোধ সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(ঘ) এ বিষয়ে স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় এবং নাগরিক সন্তুষ্টি পরিবীক্ষণ; এবং

(ঙ) খাদ্যে ভেজাল প্রতিরোধের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি নীতি, আইন ও বিধি পর্যালোচনা এবং প্রয়োজনবোধে এগুলি সংশোধনের জন্য যথাযথ সুপারিশ প্রদান।

৪। উপকমিটি তিন মাস পরপর সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে এ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাইতে পারিবে।

৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
অতিরিক্ত সচিব (প্রসওবা)

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd